



Embassy of the People's Republic
of Bangladesh
Athens

প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স, ১৬ ডিসেম্বর, ২০১৫

উদ্ধৃতি

“বাংলাদেশ দূতাবাস এথেন্স, গ্রীস যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর্যের সাথে মহান বিজয় দিবস ২০১৫ উৎসাপন করেছে। দিবসটি উপলক্ষে সকালে এথেন্সে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোঃ জসীম উদ্দিন জাতীয় পতাকা উত্তোলন করেন। এসময় এথেন্সে বসবাসরত প্রবাসী বাংলাদেশীগণ, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিবর্গ, সাংস্কৃতিক কর্মী এবং দূতাবাসের কর্মচারীগণ উপস্থিত ছিলেন। পতাকা উত্তোলনের পর জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধে নিহত শহিদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এবং বাংলাদেশের শান্তি ও প্রগতি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। অনুষ্ঠানের অংশ হিসেবে দূতাবাসে বিকেলে শিশু-কিশোরদের জন্য মুক্তিযুদ্ধের বিষয়ে চিত্রাংকণ ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় বিপুল সংখ্যক শিশু-কিশোর অংশগ্রহণ করে।

অনুষ্ঠানসমূহের দ্বিতীয় পর্বে সন্ধ্যায় স্থানীয় টাউন হলে দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান মন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণীসমূহ পাঠ করা হয়। বাণী পাঠের পর মহান মুক্তিযুদ্ধের ওপর প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়।

আলোচনাপর্বে বক্তাগণ মহান মুক্তিযুদ্ধে নিহত শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোঃ জসীম উদ্দিন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্ব এবং মুক্তিযোদ্ধাদের চরম আত্মত্যাগের কথা সুরণ করেন। তিনি বলেন যে মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আজ বাংলাদেশ মুক্তিযোদ্ধাদের স্বপ্ন বাস্তবায়নে এগিয়ে যাচ্ছে। তিনি প্রবাসী বাংলাদেশীদের রূপকল্প ২০২১ এবং রূপকল্প ২০৪১ এর লক্ষ্য অর্জনের জন্য একত্রে কাজ করার আহ্বান জানান।

টাউন হলে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। সেখানে স্থানীয় শিল্পী, শিশু-কিশোরবৃন্দ ও দূতাবাসের কর্মচারীগণ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের শেষে আগত অতিথিদের ঐতিহ্যবাহী বাংলাদেশী খাবার পরিবেশন করা হয়। সমাজের সকল স্তরের বাংলাদেশীগণ অনুষ্ঠানসমূহে অংশগ্রহণ করেন।

উদ্ধৃতি শেষ

Md. Tarikul Islam
Minister
Embassy of Bangladesh
Athens, Greece

Marathonodromon Street 119, Palaio Pnychiko, Athens 15 452, Greece

Tel: +30 210 6720 250 - 7 (P.A.B.X) Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd



*Embassy of the People's Republic
of Bangladesh
Athens*

Press release

Athens, 16 December, 2015

Bangladesh Embassy in Athens celebrates Victory Day

Quote:

"Bangladesh Embassy in Athens, Greece has celebrated the 16th December, 2015 great Victory Day programmes in a befitting manner and with due solemnity. The Day's program begun with the hoisting of the national flag by Bangladesh Ambassador to Greece, Md. Jashim Uddin at the Embassy. At that time Bangladesh expatriates in Athens, representatives of different social, political & business organizations, those of cultural organization and staff members of the Embassy were present. A special munajat was offered after the flag hoisting seeking salvation the souls of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, the martyrs of the independence struggle as well as for the continued peace and progress of Bangladesh. As part of the celebration, a painting & essay-writing competition on Bangladesh's liberation struggle was also organized. A large number of children and young Bangladeshis took part in the competition.

At the second part of the programme, messages sent from Hon'ble President, Hon'ble Prime Minister, Hon'ble Foreign Minister and Hon'ble State Foreign Minister were read out by the Embassy officials in the evening at a local town hall. A documentary film on the Victory Day was shown after reading of messages. In the discussion segment, speakers paid rich tribute to the sacrifices made by the martyrs during Bangladesh's war of independence. In his speech, the Bangladesh Ambassador to Greece Md. Jashim Uddin recalled the leadership of the Father of the Nation Banglabandhu Sheikh Mujibur Rahman and the supreme sacrifices made by the freedom fighters. He said that, Bangladesh, under the leadership of Prime Minister Sheikh Hasina is marching forward to fulfill the dreams of the freedom fighters. He urged the expatriate Bangladesh nationals to work together in fulfilling the goals of Vision 2021 and Vision. 2041.

An enthralling cultural programme was also organized where local artists, children & embassy officials took part. The guests were entertained with traditional Bangladeshi food. A large number of Bangladesh nationals from all walks of life attended the program." Unquote

Tarikul Islam
16.12.15

Marathonodromon Street 119, Palaio Psychiko, Athens 15 452, Greece

Tel: +30 210 6720 250 - 7 (PABX) Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd

*Md. Tarikul Islam
Minister
Embassy of Bangladesh
Athens, Greece*